



ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]

সমন্বয় বিভাগ

আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭



স্মারক নম্বর: ১৬.০১.০০০০.০০৫.০৭.০৫৫.২০. ৪৬৫

তারিখ: ৬ আগস্ট ২০২৩

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ৪৮তম শাহাদাতবার্ষিকী এবং জাতীয় শোক দিবস ২০২৩ পালন উপলক্ষ্যে কর্মসূচি বাস্তবায়ন।

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ।

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ৪৮তম শাহাদাতবার্ষিকী ও ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২৩ পালন উপলক্ষ্যে গত ১২ জুন ২০২৩ তারিখ অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে বিভাগীয়, জেলা ও উপজেলা কার্যালয় কর্তৃক বাস্তবায়নের জন্য নিম্নলিখিত কর্মসূচি চূড়ান্তভাবে গৃহীত হয়:

ক্রম	কর্মসূচির শিরোনাম	কর্মসূচির বিবরণ	বাস্তবায়নের তারিখ ও সময়
০১	জাতীয় পতাকা অর্ধনমিত রাখা	ইসলামিক ফাউন্ডেশনের আগারগাঁওস্থ প্রধান কার্যালয়, বায়তুল মুকাররম কার্যালয়সহ মাঠ পর্যায়ের সকল ইউনিটে ১৫ আগস্ট ২০২৩ মঙ্গলবার সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে।	১৫ আগস্ট ২০২৩ সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত
০২	জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধাজ্ঞাপন	স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে ইসলামিক ফাউন্ডেশনের বিভাগীয়/জেলা/উপজেলা কার্যালয় কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করতে হবে।	১৫ আগস্ট ২০২৩ সকালে
০৩	দেশের সকল মসজিদে দোয়া ও মোনাজাতের ব্যবস্থাকরণ	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের শহিদ সদস্যবৃন্দসহ ১৫ আগস্ট ১৯৭৫ সালে শহিদ সকলের রুহের মাগফিরাত কামনা করে ১৫ আগস্ট ২০২৩ মঙ্গলবার বাদ যোহর দেশের সকল মসজিদে বিশেষ দোয়া ও মোনাজাতের ব্যবস্থা করতে হবে।	১৫ আগস্ট ২০২৩ মঙ্গলবার বাদ যোহর
০৪	বিশেষ মসজিদসমূহে কোরআনখানি ও বিশেষ দোয়া	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাঁর পরিবারের শহিদ সদস্যদের রুহের মাগফিরাত কামনা করে চট্টগ্রামের আন্দরকিল্লা শাহী জামে মসজিদ, জমিয়তুল ফালাহ মসজিদ ও রাজশাহীর হেতেম খাঁ মসজিদসহ উদ্বোধনকৃত ২৫০টি মডেল মসজিদে কোরআনখানি ও বিশেষ দোয়ার আয়োজন করতে হবে।	১৫ আগস্ট ২০২৩ সকালে
০৫	বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ে কোরআন খতম ও দোয়া মাহফিল	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাঁর পরিবারের শহিদ সদস্যদের রুহের মাগফিরাত কামনা করে ১০ জন হাফেজের সমন্বয়ে পবিত্র কোরআন খতম করতে হবে। জেলা/উপজেলা কেন্দ্রীয় জামে মসজিদে সকাল ৭টা থেকে শুরু করে পরিপূর্ণ কোরআন খতম সম্পন্ন করে বিশেষ দোয়ার আয়োজন করতে হবে।	১৫ আগস্ট ২০২৩ সকাল ৭.০০ টা
০৬	দারুল আরকাম ইবতেদায়ী মাদ্রাসাসমূহে বিশেষ দোয়া	দারুল আরকাম ইবতেদায়ী মাদ্রাসা স্থাপন ও পরিচালনা শীর্ষক প্রকল্পের আওতায় পরিচালিত ১০১০টি দারুল আরকাম ইবতেদায়ী মাদ্রাসায় বিশেষ দোয়া ও মোনাজাতের আয়োজন করতে হবে।	১৫ আগস্ট ২০২৩ সকাল ৯.০০ টা
০৭	গণশিক্ষা কেন্দ্রসমূহে বিশেষ দোয়া	মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম (৭ম পর্যায়) প্রকল্পের আওতায় ৭৩ হাজার ৭৬৮টি প্রাক-প্রাথমিক ও বয়স্ক শিক্ষা কেন্দ্রে বিশেষ দোয়া ও মোনাজাতের আয়োজন করতে হবে।	১৫ আগস্ট ২০২৩ সকাল ৭.০০ টা
০৮	‘জাতির পিতা বঙ্গবন্ধুর জীবন ও কর্ম’ শীর্ষক আলোচনা সভা	জাতীয় শোক দিবস ২০২৩ পালনের অংশ হিসেবে ইসলামিক ফাউন্ডেশনের জেলা ও উপজেলা কার্যালয়সমূহে আগস্ট মাসে সুবিধাজনক সময়ে ‘জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও কর্ম’ শিরোনামে আলোচনা সভা আয়োজন করতে হবে।	আগস্ট ২০২৩ মাসে সুবিধাজনক সময়ে